গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
Web: www.banbeis.gov.bd

**বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও মূল্যায়ন বিষয়ক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ২৪.০৯.২০২০ খ্রিঃ বৃহস্পতিবার সকাল: ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ব্যানবেইস সভাকক্ষ |
| সভাপতি | : | জনাব মোঃ ওসমান ভুইয়া, পরিচালক, ব্যানবেইস |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তাগণের বিবরণ পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ফোকাল পারসন ও সহকারী পরিসংখ্যান অফিসার জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। এ কৌশলে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব; সুতরাং সরকারকে অব্যাহতভাবে এই লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে মর্মে উল্লেখ আছে।

২। সকল দপ্তর/সংস্থা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত এ সংক্রান্ত নির্দেশিকা অনুসরণপূর্বক স্ব স্ব কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন করবে এবং আওতাধীন আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের নির্দেশনা ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। দপ্তর/সংস্থাসমূহ এই নির্দেশিকা অনুসরণ করে কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়ন শেষে মূল্যায়ন করবে। এ প্রেক্ষিতে তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ মাল্টিমিডিয়ার মাধ্যমে উপস্থাপন করেন।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন পর্যালোচনা করে করণীয় নির্ধারণ বিষয়ে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | মতামত/ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন | পরিচালক মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে উপ-পরিচালক (প্রশাসন) এর সহযোগিতা অপরিহার্য্য বিধায় কমিটিতে তার অন্তর্ভূক্তির বিষয়ে সকলের মতামত গ্রহণ করেন। সকলের মতামতের ভিত্তিতে তিনি উপ-পরিচালক (প্রশাসন) জনাব প্রিম রিজভী কে নৈতিকতা কমিটিতে অন্তর্ভূক্তির নির্দেশনা দেন। মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে অধিকতর উদ্যোগী হওয়ার জোর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নামে অফিস আদেশ করার নির্দেশনা দেন। এ ক্ষেত্রে প্রমাণক হিসেবে মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনায় উল্লিখিত সভার কার্যবিবরণী, অফিস আদেশ, প্রশিক্ষণার্থীর উপস্থিতি প্রভৃতি ডকুমেন্ট সংরক্ষণ করার নির্দেশনা দেন। | (ক) উপ-পরিচালক (প্রশাসন) জনাব প্রিম রিজভী কে নৈতিকতা কমিটিতে অন্তর্ভূক্তি, (খ) কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নামে অফিস আদেশ করতে হবে, ও (গ) প্রমাণক হিসেবে মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনায় উল্লিখিত সভার কার্যবিবরণী, অফিস আদেশ, প্রশিক্ষণার্থীর উপস্থিতি প্রভৃতি ডকুমেন্ট সংরক্ষণ করতে হবে। | (ক) পরিচালক (খ) উপ-পরিচালক (প্রশাসন) (গ) মোঃ তরিকুল ইসলাম, সহঃ পরিসংখ্যান অফিসার |
| ৩.২ | অংশীজনের সভা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ব্যানবেইসের অংশীজন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কারিগরী শিক্ষা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কারিগরী শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড, এনটিআরসিএ, প্রধানমন্ত্রীর শিক্ষা | ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখ ১১.০০ টায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সহিত সভার আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন), মোঃ তরিকুল ইসলাম, সহঃ পরিসংখ্যান অফিসার |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | মতামত/ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সহায়তা ট্রাস্টেও সহিত অংশীজনের সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয় | | |
| ৩.৩ | প্রশিক্ষণ আয়োজন | সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল এর মৌলিক বিষয়, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণ বিষয়ে প্রশিক্ষণ ম্যানুয়েল প্রস্তুতের জন্য জনাব মোঃ মোতাহার হোসেন কে ফোকাল পয়েন্ট করার প্রস্তাব করা হয়। এ বিষয়ে জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট এর ম্যানুয়েলটি দেখার নির্দেশনা দেয়া হয়। আগামী ৩০ সেপ্টেম্বর এর মধ্যে ৭৫ জনের প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা দেন। এ বিষয়ে উপ-পরিচালক (প্রশাসন) জনাব প্রিম রিজভী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করবেন। | (ক) প্রশিক্ষণ ম্যানুয়েল প্রস্তুতের জন্য জনাব মোঃ মোতাহার হোসেন ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন, (খ) উপ-পরিচালক (প্রশাসন) জনাব প্রিম রিজভী প্রশিক্ষণ আয়োজনের সমন্বয় ও বাস্তবায়ন করবেন। | (ক) জনাব প্রিম রিজভী, উপ-পরিচালক (প্রশাসন) (খ) জনাব মোঃ মোতাহার হোসেন, সহঃ পরিচালক |
| ৩.৪ | সিটিজেন চার্টার আপডেট, উত্তম সেবার তালিকা আপডেট এবং প্রচারণার জন্য লিফলেট ও পুস্তিকা প্রকাশ | সিটিজেন চার্টার আপডেট করার একটি কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয় । উত্তম সেবার তালিকা আপডেট এবং প্রচারণার উদ্দেশ্যে লিফলেট ও পুস্তিকা প্রকাশের জন্য পাবলিকেশন শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে আলোচনা হয়। | (ক) সিটিজেন চার্টার আপডেট এর জন্য কমিটি গঠন করতে হবে। (খ) উত্তম সেবার তালিকা আপডেট এবং প্রচারণার উদ্দেশ্যে লিফলেট ও পুস্তিকা প্রকাশের জন্য পাবলিকেশন শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (ক) জনাব প্রিম রিজভী, উপ-পরিচালক (প্রশাসন) (খ) স্পেশালিস্ট, পাবলিকেশন (গ) মোঃ তরিকুল ইসলাম |
| ৩.৫ | নৈতিকতা কমিটির সভা আহ্বান | প্রতি কোয়ার্টারের ১ম মাসের ২য় সপ্তাহের মধ্যে এবং শেষ মাসের ৩য় সপ্তাহের মধ্যে সভা করতে হবে মর্মে আলোচনা হয়। | প্রতি কোয়ার্টারের ১ম মাসের ২য় সপ্তাহের মধ্যে এবং শেষ মাসের ৩য় সপ্তাহের মধ্যে সভা করতে হবে | মোঃ তরিকুল ইসলাম, সহ: পরিসংখ্যান অফিসার |

৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
( মোঃ ওসমান ভুইয়া )
পরিচালক
ফোন : ৫৫১৫২১০২

নং ৩৭.২০.০০০০.০০৩.২৫.০৮৫.২০৭৫৩

তারিখঃ ৯ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ

(১) অতিরিক্ত সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(২) ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল/উত্তম চর্চা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(৩) জনাব ..................................................................

(৪) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)

(৫) অফিস কপি

২৪/০৯/২০২০
(মোহাঃ তরিকুল ইসলাম)
সহকারী পরিসংখ্যান অফিসার
ও ফোকাল পারসন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা ১২০৫
web: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে শুদ্ধাচার / উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হাবিবুর রহমান<br>মহাপরিচালক, ব্যানবেইস |
| সভার তারিখ ও সময় | : | ২৯.০৯.২০২০ খ্রিঃ, মঙ্গলবার, বিকাল: ৩.০০ ঘটিকা |
| স্থান | : | ব্যানবেইস সভাকক্ষ |
| উপস্থিতি | : | সভায় উপস্থিতির বিবরণ পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত এবং ভার্চুয়ালিযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বিভিন্ন অধিদপ্তর, শিক্ষা বোর্ড ও দপ্তর এর সাথে অন-লাইনে/ভার্চুয়াল সভা আহবানের বাধ্যকতার অংশ হিসেবে আজকের এই সভা। সভাপতির অনুমতিক্রমে পরিচালক, ব্যানবেইস সভার সঞ্চালনা করেন এবং নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট জনাব মোহাঃ তরিকুল ইসলামকে ব্যানবেইস সম্পর্কে উপস্থাপনার জন্য অনুরোধ জানান।

০২। জনাব মোঃ তরিকুল ইসলাম বলেন যে, জাতির পিতা শেখ মুজিবুর রহমান এঁর নির্দেশনায় গঠিত ড. কুদরত-ই-খুদা কমিশনের সুপারিশ অনুযায়ী শিক্ষাতথ্যের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের একটি সংযুক্ত দপ্তর হিসেবে ১৯৭৭ সনে ব্যানবেইস প্রতিষ্ঠা লাভ করে। তিনি বলেন, সমন্বিত শিক্ষাতথ্য ও পরিসংখ্যান বিনির্মান এবং আইসিটি প্রশিক্ষিত দক্ষ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। তিনি বলেন যে, ব্যানবেইসের গুরুত্বপূর্ণ কাজ হল : (১) শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অনলাইন জরিপ পরিচালনা করে প্রতিবেদন প্রকাশ এবং ডাটাবেজ হালনাগাদকরণ, (২) শিক্ষা গবেষণা পরিচালনা, (৩) শিক্ষা সেক্টরে বার্ষিক/পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়নে ব্যবহৃত Key Performance Indicator (KPI)) প্রস্তুত ও সরবরাহ, (৪) শিক্ষাতথ্যের আর্ন্তজাতিক সংস্থা UIS ও HCI প্রতিবছর তথ্য প্রেরণ । তিনি জানান যে, শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর-অধিদপ্তর এর কর্মকর্তা-কর্মচারীদের এবং স্কুল, মাদ্রাসা ও কলেজের শিক্ষকদের ICT বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা। ব্যানবেইস Web Enable তথ্য ও Mobile apps-এর মাধ্যমে বিভিন্ন সেবা প্রদান করে আসছে যেমন : ১) শিক্ষাতথ্য অ্যাপস, (২) ডাটাবেজ সার্ভিস, (৩) ই-পেপার-ক্লিপিংস ও (৪) ই-বুক সেবা।

০৩। জনাব শেখ মোঃ আলমগীর, চীফ, পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস বলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, করিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও বাজেট প্রতিবেদনে প্রধান প্রধান কর্মকৃতি (Key Performance Indicator) প্রস্তুত করে সরবরাহ করা হয়। এ ছাড়া অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয় ও ইউনেস্কো তে নিয়মিত তথ্য প্রেরণ করা হয়। এছাড়া বিভিন্ন অধিদপ্তর, দপ্তর ও বোর্ড এর চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করা হয়ে থাকে।

০৪। আইসিটি বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মো: আবু তাহের খান বলেন ব্যানবেইস-এ অবস্থিত ৫ টি ল্যাবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও ব্যানবেইসের কর্মকর্তা-কর্মচারী এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ের শিক্ষকদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে থাকে। এছাড়া উপজেলাস্থিত ১২৫ টি ইউআইটিআরসিই-তে স্কুল, মাদ্রাসা ও কলেজের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। তিনি সরকার এর বিভিন্ন কার্যক্রম যেমন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও ভুক্তি; কোভিড-১৯ এ নন এমপিও ভুক্ত শিক্ষকদের প্রণোদনা প্রদানের জন্য ব্যানবেইস হতে তথ্য দিয়ে সহায়তা করা হয়েছে।

০৫। ডকুমেন্টেশন লাইব্রেরি এন্ড পাবলিকেশন বিভাগের পাবলিকেশন স্পেশালিস্ট জনাব মোঃ মেছবাহুল হক বলেন শিক্ষা বিষয়ক প্রায় লক্ষাধিক পেপার ক্লিপিংস ওয়েব এনাবল করা হয়েছ। ব্যানবেইস এর রাজস্ব বাজেটের আওতায় শিক্ষা সম্পর্কিত গবেষণা করে থাকে। বিভিন্ন শিক্ষার গুরুত্বপূর্ণ প্রতিবেদন, ব্যানবেইস প্রকাশনা ইবুক আকারে ওয়েব এনাবল করা হয়েছে। এছাড়া প্রায় ৩০ হাজার বই সমৃদ্ধ লাইব্রেরির ই-ক্যাটালগিং করে পাঠক সুবিধা প্রদান করা হয়েছে।

০৬। পরিচালক জনাব মোঃ ওসমান ভূইয়া বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের ব্যানবেইস এর বর্তমান কাজ বা সেবা সম্পর্কে মতামত প্রদানের আহবানের জানিয়ে ব্যানবেইসের সেবার মান উন্নয়ন, নতুন সেবা সংযোজনের বিষয়ে উপস্থিত অংশীজনদের আহবান জানান।

০৭। নায়েম এর পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) প্রফেসর ড. মোঃ লোকমান হোসেন ব্যানবেইস শিক্ষাতথ্য সরবরাহ করে থাকেন এই জন্য ব্যানবেইস কে ধন্যবাদ জানিয়ে বলেন উচ্চ মাধ্যমিক পাস বিজ্ঞান শিক্ষার্থী যারা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সে সমস্ত শিক্ষার্থীর অবস্থান সম্পর্কে তথ্য বা গবেষণার সুযোগ থাকা প্রয়োজন।

০৮। কারিগরি শিক্ষা অধিদপ্তর এর পরিচালক (পিআইডব্লিউ) জনাব মোস্তফা কামাল বলেন বিভিন্ন প্রকাশনার গুণগতমান নিশ্চিত করা সহ কারিগরী শিক্ষা বিষয়ে আলাদা ডাটাবেইস ও প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশের সুযোগ থাকা প্রয়োজন।

০৯। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম মাদ্রাসায় কর্মরত শিক্ষকদের প্রশিক্ষণ বিষয়ক তথ্য সম্পর্কে জানতে চাইলে এ সম্পর্কিত তথ্যের ডাটাবেইজ আছে বলে সিনিয়র সিস্টেম এনালিস্ট, ব্যানবেইস সভাকে জানান।

১০। সভায় অংশীজনদের সুপারিশ অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:
(ক) উচ্চ মাধ্যমিক পাস বিজ্ঞান শিক্ষার্থী যারা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সে সমস্ত শিক্ষার্থীর অবস্থান সম্পর্কীত তথ্য এবং এতদসম্পর্কীত গবেষণা থাকা;
(খ) প্রকাশনা সমুহের গুণগত মান নিশ্চিত করা; এবং
(গ) কারিগরি শিক্ষা বিষয়ে আলাদা ডাটাবেইস ও প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ।

১১। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(হাবিবুর রহমান)
মহাপরিচালক, ব্যানবেইস

নং-৩৭.২০.০০০০.০০৩.২৫.০৮৫.২০-৮০১/১(৬)

তারিখঃ ১৪ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :
(১) অতিরিক্ত সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(২) ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল/উত্তম চর্চা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(৩) জনাব ..................................................................
..................................................
(৪) চীফ, পরিসংখ্যান বিভাগ/চীফ, ডিএলপি বিভাগ/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা
(৫) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)
(৬) অফিস কপি

২৯/৯/২০২০
(মোহাঃ তরিকুল ইসলাম)
সহকারী পরিসংখ্যান অফিসার
ও ফোকাল পারসন